পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4075
Fax : 88-02-9667222
E-mail :examcontrollera7c@du.ac.bd

মেমো নং: ১৫১৪/শা-২(ক)/প.

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ ১৪৩০
২৩ মে ২০২৩

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০২১ সনের অনার্স ২য় বর্ষ (পুরাতন সিলেবাস, ২০১৭-১৮ শিক্ষা বর্ষের পূর্বে) অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি।

মহোদয়,

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ শিক্ষাবর্ষের অনিয়মিত ও মানোন্নয়ন এবং ২০১৩-১৪, ২০১৪-২০১৫, ২০১৫-১৬ শিক্ষাবর্ষের মানোন্নয়ন পরীক্ষার পরীক্ষার্থীদের অনলাইনে আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের আনুষঙ্গিক কার্যক্রম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

| ক্র. নং | পরীক্ষার্থীদের ফি এর বিবরণ | ফি এর পরিমান | পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন শুরু এবং জমা দেওয়ার শেষ তারিখ | কলেজ কর্তৃক ভেরিফিকেশনের শেষ তারিখ- | ঢাকা বিশ্ববিদ্যালয়ে ব্যাংক ড্রাফট ও অন্যান্য কাগজপত্র জমা দেওয়ার শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | অনলাইনে আবেদনের শুরু তারিখ- ২৫/০৫/২০২৩<br>শেষ তারিখ- ০৪/০৬/২০২৩ | ০৬/০৬/২০২৩ | ০৭/০৬/২০২৩ |
| ০২ | তত্ত্বীয় প্রতি অর্ধ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ের জমা হবে | ১৪০/- | | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) -এর জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | | | |
| ০৪ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা | ৩০০/- | | | |
| ০৫ | মৌখিক পরীক্ষার ফি (প্রযোজ্য ক্ষেত্রে প্রতি পরীক্ষার্থী) বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ২০০/- | | | |
| ০৬ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে<br>ক. কলেজের অংশ ৩০০/- টাকা<br>খ. কেন্দ্রের অংশ ৪৫০/- টাকা | ৭৫০/- | | | |
| ০৭ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে। | ১২০/- | | | |
| ০৮ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (মানোন্নয়ন পরীক্ষার্থীর জন্য পত্রপ্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৩০০/- | | | |
| ০৯ | শুধুমাত্র ইংরেজি (আবশ্যিক) পরীক্ষার্থীদের ক্ষেত্রে-বিশেষ অন্তর্ভুক্তি ফিসহ বিশ্ববিদ্যালয়ে জমা (৫০০+৩০০)=৮০০/- হবে | ৮০০/- | | | |

## আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd/formfillup.php) **Formfilup বাটনে** ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী নিজে স্বাক্ষর করার পর কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষের** স্বাক্ষর নিয়ে ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ০১/০৬/২০২৩ তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

### পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

### অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৭ ও ২০১৮ (বিশেষ) সনের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০১৮, ২০১৯ এবং ২০২০ সনের ২য় বর্ষ (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০২১ সনের ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া ২০১৮, ২০১৯ ও ২০২০ সনের ২য় বর্ষ বিশেষ পরীক্ষার প্রকাশিত ফলাফলে যেসব শিক্ষার্থী Not Promoted হয়েছে তারা একই সাথে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ফরমপূরণের সুযোগ পাবে, তবে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না।

### মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

- ২০২০ সনের অনার্স ২য় বর্ষ বিশেষ পরীক্ষায় যে সকল শিক্ষার্থী ১ম বার অনিয়মিত হিসেবে অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীর শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ২টি কোর্সে ২০২১ সনের ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) পরীক্ষায় **মানোন্নয়ন** পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী ২০২০ সনের অনার্স ২য় বর্ষ বিশেষ পরীক্ষায় ১ম বার অনিয়মিত হিসেবে অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২১ সনের ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহ এবং ২টি কোর্সে ( "C" ও "D" গ্রেড প্রাপ্ত) মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে রেজিস্ট্রেশন (মেয়াদে) অবশ্যই নূন্যতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে মানোন্নয়ন কোন সুযোগ থাকবে না ।
- ২০২০ সনের অনার্স ২য় বর্ষ বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করে ১টি কোর্স অনুপস্থিত থাকায় যেসব শিক্ষার্থী C. Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থীকে অনুপস্থিত ১টি কোর্সে ২০২১ সনের ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। অন্যথায় তার কোর্স বাতিল হয়ে যাবে।
- ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষার পূর্বে প্রাপ্ত নম্বর বহাল থাকবে এবং এসব কোর্সে মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নেই।
- **২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ সনের যে সব শিক্ষার্থী ২য় বর্ষে এক বা একাধিক কোর্সে F ও Absent আছে সে সকল পরীক্ষার্থী এ পরীক্ষায় শুধুমাত্র F ও Absent কোর্সে অংশগ্রহণ করতে পারবে।**

### বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

(২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের ক্ষেত্রে প্রযোজ্য)

**২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪** সনের যে সব শিক্ষার্থী ২য় বর্ষে এক বা একাধিক কোর্সে F **গ্রেড** ও Absent আছে সে সকল পরীক্ষার্থী আলোচ্য পরীক্ষায় শুধুমাত্র F **গ্রেড** ও Absent কোর্সে অংশগ্রহণ করতে পারবে। তবে **উল্লেখ থাকে যে, এ সব পরীক্ষার্থীরা ৫,০০০/- টাকা জরিমানা সাপেক্ষে ২০২১ সনের অনার্স ২য় বর্ষ (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) পরীক্ষায় বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।**

**## কেবলমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নাম্বার প্রাপ্ত শিক্ষার্থীরাই উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে ##**

## কলেজের জন্য করণীয়:

যে সকল পরীক্ষার্থী ২০২১ সনের ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু অনলাইনে পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে এবং তালিকায় তাঁর ডাটা না পাওয়া যায় সে ক্ষেত্রে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে (ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত) পরীক্ষার্থীদের ডাটা নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও অনলাইনে আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এক কপি কলেজ সংরক্ষণ করবে উল্লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়া পর্যন্ত।

## অনলাইনে আবেদন ফরম পূরণ নিশ্চয়ণ ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.dua7c.com) গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে এবং শিক্ষার্থীর ফরমপূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে কলেজ কর্তৃপক্ষ নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন দিতে ইচ্ছুক সে বিষয় কোড এন্ট্রি করতে হবে।

গ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

## ফি জমাদানের পদ্ধতি:

২০২১ সালের অনার্স ৩য় বর্ষ (পুরাতন সিলেবাস) পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "Seven College Student fees" শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৯৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় **(A/C Payee)** হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-33011288 (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে।

## ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:

২০২১ সনের ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম কলেজ কর্তৃক ভেরিফাই করার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি এবং ইনকোর্স পরীক্ষার খাতা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে (প্রয়োজন সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে প্রেরণ করতে হবে) ।

## ব্যবহারিক/মৌখিক পরীক্ষা(প্রযোজ্য ক্ষেত্রে):

ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষা শেষে যথাসময়ে জানানো হবে।

আপনার বিশ্বস্ত

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd

23.05.2023